গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো**

৮৯/২, কাকরাইল, ঢাকা।

**www.bmet.gov.bd**

## সরকারিভাবে বিদেশে গমনেচ্ছু মহিলা কর্মীদের রেজিস্ট্রেশন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হংকং, সিংগাপুর, জর্ডান ও মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে সরকারিভাবে পর্যায়ক্রমে হাউসকিপার/ গার্মেন্টস/ নার্স/ কেয়ারগিভার/ ফুড প্রসেসর/ ক্লিনার/ফিস প্রসেসর/ফ্যাক্টরী কর্মী/ রিসিপশনিষ্ট/ ফল আহরণকারী/ বিক্রয়কর্মী/কৃষিকর্মী পদে নিয়োগের জন্য আগ্রহী মহিলা প্রার্থীদেরকে ডিজিটালাইজড পদ্ধতিতে বৈদেশিক চাকুরীর জন্য নাম নিবন্ধন করতে আহবান করা যাচ্ছে। ইউএনডিপি'র কারিগরি সহায়তায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাস্তবায়নাধীন একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম এবং স্থানীয় সরকার বিভাগ পরিচালিত দেশের সকল ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি), সকল সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে স্থাপিত নগর তথ্য ও সেবাকেন্দ্র এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ ৪২ জেলায় অবস্থিত জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে উক্ত জেলার কর্মীদের রেজিস্ট্রেশন করা যাবে।

**মহিলা কর্মী হিসেবে বিদেশ গমণের জন্য রেজিস্ট্রেশনে আগ্রহী প্রার্থীদের নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবেঃ**

**সাধারণ যোগ্যতাঃ-**

- আগ্রহী প্রার্থীদের বাংলাদেশের নাগরিক হতে হবে;
- বয়স সীমা ২৫-৪৫ বছর এর মধ্যে হতে হবে;

**দেশ ও পেশা ভিত্তিক কর্মীদের বিশেষ যোগ্যতা নিম্নরূপঃ**

| ক্র/নং | দেশের নাম | পেশা | আনুমানিক বেতন | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | হংকং | হাউসকিপার | ৪০,০০০/- | ক) স্মার্ট হতে হবে;<br>খ) দশম শ্রেণী/এস.এস.সি পাশদেরকে অগ্রাধিকার দেয়া হবে;<br>গ) চাইনিজ ভাষা শিক্ষায় দুই মাসের প্রশিক্ষণ নিতে হবে। | গৃহকাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২। | সিংগাপুর | হাউসকিপার | ২৪০০০/- | ক) স্মার্ট হতে হবে;<br>খ) দশম শ্রেণী/এস.এস.সি পাশদেরকে অগ্রাধিকার দেয়া হবে;<br>গ) ইংরেজী ভাষা শিক্ষায় দুই মাসের প্রশিক্ষণ নিতে হবে। | গৃহকাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | চাহিদা মোতাবেক বিশ্বের সকল দেশের জন্য | নার্স | ৫০,০০০/- থেকে ৮৫,০০০/- | ক) নার্সিং ডিপ্লোমা। নার্সিং-এ ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে;<br>খ) ইংরেজীতে কথোপোকথনে পারদর্শী হতে হবে; | নার্সিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | ,, | কেয়ারগিভার | ৪০,০০০/- ন্যূনতম | ক) এস.এস.সি পাশ থাকতে হবে;<br>খ) ইংরেজীতে কথোপোকথনে পারদর্শী হতে হবে; | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | জর্ডানসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের জন্য | হাউসকিপার | ১৫,০০০/- | ক) স্মার্ট হতে হবে;<br>খ) অষ্টম শ্রেণী পাশদেরকে অগ্রাধিকার দেওয়া হবে;<br>গ) ২১ দিনের প্রশিক্ষণ নিতে হবে। | গৃহকাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | মরিশাস,জর্ডানসহ অন্যান্য দেশের জন্য | গার্মেন্টস, ফুড প্রসেসর, ক্লিনার, ফিস প্রসেসর, ফ্যাক্টরী কর্মী, রিসিপশনিষ্ট, ফল আহরণকারী, বিক্রয়কর্মী, কৃষিকর্মী | ২৫,০০০/- থেকে ৩০,০০০/- | ক) স্মার্ট হতে হবে;<br>খ) অষ্টম শ্রেণী পাশদেরকে অগ্রাধিকার দেয়া হবে;<br>গ) ২১ দিনের প্রশিক্ষণ নিতে হবে। | পেশাগত কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |

**অন-লাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণের নিয়মাবলী ঃ**

➢ **'ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র' এবং 'নগর তথ্য সেবা কেন্দ্র' এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে অন-লাইনে একশত (১০০/-) টাকা ফি দিয়ে রেজিস্ট্রেশন করা যাবে।**

➢ বিদেশ গমনেচ্ছু প্রার্থীদের বিভাগওয়ারী রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য ০৫(পাঁচ) কর্ম দিবস (সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত) সময় দেওয়া হবে, যা নিম্নরূপ ঃ

**বিভাগওয়ারী রেজিস্ট্রেশন শুরুর তারিখ ও সময়ঃ**

| ক্র/নং | বিভাগ | তারিখ | সময় |
|---|---|---|---|
| ১. | রাজশাহী, রংপুর ও সিলেট | ০৭/০৪/২০১৩ হতে ১১/০৪/২০১৩ পর্যন্ত | প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত। |
| ২. | খুলনা ও চট্টগ্রাম | ১২/০৪/২০১৩ হতে ১৭/০৪/২০১৩পর্যন্ত<br>১৪ তারিখ বন্ধ থাকবে | প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত । |
| ৩ | ঢাকা ও বরিশাল | ১৮/০৪/২০১৩ হতে ২২/০৪/২০১৩পর্যন্ত | প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত |

➢ উল্লেখ্য রেজিস্ট্রেশন করার জন্য নির্ধারিত তারিখে জন্ম নিবন্ধন সনদসহ যারা 'ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র, 'নগর তথ্য সেবা কেন্দ্র' এবং "জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে" উপস্থিত হবেন, তারা সকলেই রেজিস্ট্রেশন করার সুযোগ পাবেন।

➢ প্রার্থী সংশ্লিষ্ট পর্যায়সমূহে নিজেই সরকার নির্ধারিত নিম্নরূপ ফি জমা দিবেন ঃ

➢ যদি নিয়োগকর্তা বিমান ভাড়া বহন না করে তাহলে কর্মীকে বিমান ভাড়া(এক পথ) বহন করতে হবে।

➢ বিমান ভাড়া ছাড়া অভিবাসন ব্যয়, স্বাস্থ্য পরীক্ষা, কল্যাণ ফি, নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প, ভিসা ফি , সার্ভিস চার্জ, আয়কর, ওরিয়েন্টেশন ট্রেনিং, বিবিধ ব্যয় বাবদ সর্বোচ্চ ২০,০০০/- টাকা প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে জমা নেয়া হবে।

➢ বিমান ভাড়া দেওয়ার ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ঋণ নেয়া যাবে।

**কম্পিউটারাইজড পদ্ধতিতে লটারীর মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। বাছাই পরীক্ষায় (নির্ধারিত তারিখ ও সময়ে) উপস্থিতির সময় যে সকল মূল কাগজপত্র সঙ্গে আনতে হবেঃ-**

১. লটারীতে মনোনীত হওয়ার পর প্রাপ্ত কনফারমেশন কার্ড।
২. মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) অথবা পাসপোর্টের জন্য আবেদনপত্র জমা দেয়ার রশিদ।
৩. শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) ১ সেট ফটোকপিসহ।
৪. মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়্যারম্যান কর্তৃক চারিত্রিক সনদপত্র।
৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি; পিছনের অংশে (Background) সাদা হতে হবে।
৬. রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পরই দ্রুত নিজ উদ্যোগে পাসপোর্ট করতে হবে।
৭. জন্ম নিবন্ধনে যে নাম ঠিকানা ব্যবহার করা হয়েছে হুবহু সেই নাম ঠিকানা ব্যবহার করে পাসপোর্ট তৈরী করতে হবে।
৮. রেজিস্ট্রেশনের সময় জন্ম নিবন্ধন সনদ **বাধ্যতামুলকভাবে সাথে আনতে হবে।**


**মহিলা গৃহকর্মী নিয়োগে কোন দালাল বা মধ্যস্বত্বভোগী বা কোন ধরনের প্রতারকের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন বা যোগাযোগ না করার জন্য অনুরোধ করা হ'ল। যে কোন তথ্য জানার জন্য নিম্নে বর্ণিত টেলিফোন নম্বরে ফোন করতে পারেন ঃ**

**জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর সমূহে সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত ঃ**

**৮৩২৩০০৪; ৮৩২২৯৪৬, ৮৩১৯৩২২; ৮৩১৭৫১১**

**নিবন্ধন সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রামের প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্থাপিত নিবন্ধনকালীন ফোন (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) করা যাবে।**

**কন্ট্রোল রুমের নম্বরঃ ০৯৬৭৮০১৬৩৪৫ (যে কোন ফোন থেকে কল করা যাবে)।**




মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)